# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৬০১

২৬/ পোশাক-পরিচ্ছদ (كتاب اللباس)

পরিচ্ছেদঃ ২৬/২১. পুরুষদের জন্য জাফরনা রং-এর পোশাক পরিধান মাকরূহ

بَاب كَرَاهِيَةِ الْمُعَصْفَرِ لِلرِّجَالِ

আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّثَنَا عَلِيُّ بْنُ مُسْهِرٍ، عَنْ يَزِيدَ بْنِ أَبِي زِيَادٍ، عَنِ الْحَسَنِ بْنِ سُهَيْلٍ، عَنِ ابْنِ عُمَرَ، قَالَ نَهَى رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ عَنِ الْمُفَدَّمِ ‏.‏ قَالَ يَزِيدُ قُلْتُ لِلْحَسَنِ مَا الْمُفَدَّمُ قَالَ الْمُشْبَعُ بِالْعُصْفُرِ ‏.‏

বাংলা

১/৩৬০১। ইবনে উমার (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ’মুফাদ্দাম’ পরতে নিষেধ করেছেন। রাবী ইয়াযীদ (রাঃ) বলেন, আমি হাসান ইবনে সুহাইলকে জিজ্ঞেস করলাম, ’মুফাদ্দাম’ কী? তিনি বলেন, হলুদ রং-এ রঞ্জিত বস্ত্র।

## English

It was narrated that Ibn ‘Umar said:
“The Messenger of Allah (ﷺ) forbade Al-Mufaddam.”

ফুটনোট

হাদিসটি ইমাম ইবনু মাজাহ একককভাবে বর্ণনা করেছেন। তাহকীক আলবানীঃ সহীহ। উক্ত হাদিসের রাবী ইয়াযীদ বিন আবু যিয়াদ সম্পর্কে আহমাদ বিন সালিহ তাকে সিকাহ বললেও ইয়াহইয়া বিন মাঈন ও আবু হাতিম আর-রাযী বলেন, তিনি হাদিস বর্ণনায় নির্ভরযোগ্য নয়। আবু যুরআহ আর-রাযী বলেন, তার থেকে হাদিস গ্রহন করা যাবে কিন্তু দলীল হিসেবে গ্রহন করা গ্রহণযোগ্য নয়। আহমাদ বিন হাম্বল বলেন, কোন সমস্যা নেই। (তাহযীবুল কামালঃ রাবী নং ৬৯৯১, ৩২/১৩৫ নং পৃষ্ঠা)

উক্ত হাদিসটি সহীহ কিন্তু ইয়াযীদ বিন আবু যিয়াদ এর কারণে সানাদটি দুর্বল। হাদিসটির ৮৪০ টি শাহিদ হাদিস রয়েছে, ২৩০ টি খুবই দুর্বল, ১৩৬ টি দুর্বল, ১৪৬ টি হাসান, ৩২৮ টি সহীহ হাদিস পাওয়া যায়। তন্মধ্যে

উল্লেখযোগ্য হলঃ বুখারী ৫৪২৬, ৫৬৩৩, ৫৬৫০, ৫৮২৮, ৫৮৩০, ৫৮৩২, ৫৮৩৩, ৫৮৩৪, ৫৮৬৩, ৫৮৬৪, মুসলিম ৪৮০, ৪৮২, ৪৮৩, ২০৬৮, ২০৬৯, ২০৭০, ২০৭১, ২০৭৬, ২০৭৯, তিরমিযি ১৭২১, ১৭২৫, ১৭৩৭, ১৭৩৮, ২৮০৮, ২৮১৭, আবু দাউদ ৯০৮, ৪০৪২, ৪০৪৪, ৪০৫১, ৪০৫৫, দারিমী ১৩২৬, মুয়াত্তা মালিক ১৭৭, আহমাদ ৯৩, ১২৪।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=44565

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন